দৈনিক ইত্তেফাক

070

তারিখ ... 06 JUN 1988

পৃষ্ঠা ... ৬ / ৩/৫ কলাম ...

## প্রত্যেক শিশুকে প্রাথমিক শিক্ষায় শিক্ষিত করিতে হইবে —শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ব্যারিষ্টার আমিনুল ইসলাম মাহমুদ বলিয়াছেন, সরকার প্রাথমিক শিক্ষার গুণগত ও পরিমাণগত মান উন্নয়নের সাথে সাথে বিদ্যালয়ে গমন উপযোগী ৬ হইতে ১১ বৎসর বয়সের শতকরা ৭০ জনকে বিদ্যালয়ে আনা এবং তাহাদের বিদ্যালয় পরিত্যাগ রোধ

( ৪র্থ পৃঃ দ্রঃ )

### শিক্ষামন্ত্রী

(৩য় পৃঃ পর)

করার উপর সবিশেষ গুরুত্ব আরোপ করিয়াছেন। মন্ত্রী গত শনিবার জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমীতে অনুষ্ঠিত জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ '৮৮-এর সমাপনী অনুষ্ঠানে বিভিন্ন জেলা হইতে নির্বাচিত শ্রেষ্ঠ শিক্ষক ও শ্রেষ্ঠ শিশু-শিল্পীদের মাঝে পুরস্কার প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা দিতেছিলেন।

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক ডঃ জহিরুল ইসলাম ভুঁইয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় আরও বক্তৃতা করেন প্রাথমিক শিক্ষা একাডেমীর পরিচালক হবেদ আলী ও জাতীয় পর্যায়ের নির্বাচিত শ্রেষ্ঠ শিক্ষক আহমেদ আলী। —খবর সরকারী তথ্য বিবরণীর।